

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৬৫

শান্তিরবাজার, ১১ নভেম্বর, ২০২৪

রাজ্যভিত্তিক ওয়া উৎসবের উদ্বোধন

রাজ্যের মগ জনজাতি গোষ্ঠীর ঐতিহ্যবাহী ২১তম রাজ্যভিত্তিক ওয়া উৎসব গতকাল রাতে চালিতাবনকুল উচ্চবিদ্যালয় প্রাঙ্গণে শুরু হয়েছে। দু'দিনব্যাপী এই উৎসবের উদ্বোধন করেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের সদস্য প্রদ্যুৎ বিক্রম মাণিক্য দেববর্মণ। উৎসবের উদ্বোধন করে জেলা পরিষদের সদস্য প্রদ্যুৎ বিক্রম মাণিক্য দেববর্মণ বলেন, ভগবান বুদ্ধের শান্তির বাণীকে পাথেয় করে আমাদের এগিয়ে যেতে হবে। রাজ্যের জাতি-জনজাতি মানুষের মধ্যে একতা ও শান্তি বজায় রাখা খুবই জরুরি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ, এমডিসি দেবজিত ত্রিপুরা, এমডিসি কংজং মগ, বৌদ্ধ ধর্মগুরু ভেন: ড. ধম্মপিয়া, মগ সোসিও কালচারেল অর্গানাইজেশনের সাধারণ সম্পাদক দোয়ং মগ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন রূপাইছড়ি ব্লকের অতিরিক্ত বিডিও টিটু দেববর্মা। রাজ্যভিত্তিক ওয়া উৎসব উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে দু'দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তাছাড়াও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছে।

\*\*\*\*\*